



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৯.১৪.১৭৩.২০২০-১৮

তারিখ: ০৩ জুন ২০২০ খ্রি.

বিষয়: যে সকল এলাকায় সংসদ বাংলাদেশ টেলিভিশন দেখা যায় না এবং অনলাইনে ক্লাস করার সুযোগ নেই, ঐ সব এলাকার বিদ্যালয়ের তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ বা করোনা মহামারীর সময়ে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনার পরিপ্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে মাধ্যমিক (৬ষ্ঠ-১০ম শ্রেণি) পর্যায়ের শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা “আমার ঘরে আমার স্কুল” নামে শিক্ষা বিষয়ক কার্যক্রম বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের সংসদ বাংলাদেশ টেলিভিশন এর মাধ্যমে সম্প্রচার করে আসছে। সংসদ বাংলাদেশ টেলিভিশনে ক্লাস চলাকালীন সময়ের সাথে সমন্বয় করে যে কোন শিক্ষা প্রতিষ্ঠান অনলাইন শ্রেণি কার্যক্রম পরিচালনা করতে পারবে অর্থাৎ সংসদ বাংলাদেশ টেলিভিশনে যে সময়ে যে শ্রেণির ক্লাস চলে ঐ সময়ে অন্য শ্রেণির ক্লাস অথবা সংসদ বাংলাদেশ টেলিভিশন প্রচারিত “আমার ঘরে আমার স্কুল” নামে শিক্ষা বিষয়ক কার্যক্রমের আগে বা পরে তাঁরা তাঁদের শ্রেণি কার্যক্রম চালাতে পারবে, তবে এ কার্যক্রম পরিচালনার জন্য শিক্ষার্থীদের নিকট হতে কোনরূপ অর্থ দাবী করা যাবে না।

যে সকল এলাকায় সংসদ বাংলাদেশ টেলিভিশন দেখা যায় না এবং অনলাইনে ক্লাস করার সুযোগ নেই, ঐ এলাকার বিদ্যালয়ের তথ্য আগামী ০৭ জুন ২০২০ খ্রি. তারিখের মধ্যে নিম্নে উল্লিখিত ছক মোতাবেক নিকস ফন্টে [agas@dshe.gov.bd](mailto:agas@dshe.gov.bd) এ প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্রম	জেলা	উপজেলা	বিদ্যালয়ের নাম	শিক্ষার্থী সংখ্যা	কারণ/মন্তব্য

বিষয়টি অতীব জরুরি।

প্রফেসর ড. প্রবীর কুমার ভট্টাচার্য  
পরিচালক (প্রশিক্ষণ)

ও

পরিচালক (পরি. ও উন্ন., অ. দা.)

ফোন: ০২-৯৫৫৯১০১

জেলা শিক্ষা অফিসার (সকল)